# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==================================================================

১) আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার অধীনে অনুষ্ঠেয় চতুর্থ শ্রেণীর পদগুলির লিখিত পরীক্ষার জন্য আবেদনকারী প্রার্থীদের আগামীকাল থেকে প্রবেশ পত্রের ডাউনলোড প্রক্রিয়া আরম্ভ ।

২) অসম গণ পরিষদ দলের ৪০ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন ।

৩) শারদীয় দূর্গাপূজোর সময়ে রাজ্যে ৮৪৩ টি পথ দূর্ঘটনা সংঘটিত হয়েছে বলে জরুরীকালীন সেবা প্রদানকারী মৃত্যুঞ্জয় ১০৮ সেবার প্রকাশ ।

এবং

৪) কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের পৌরহিত্যে আসাম অলিম্পিক সংস্থার নবগঠিত কার্যনির্বাহক পরিষদের প্রথম বৈঠক ।লাভলীনা বরগোঁহাইয়ের নামে একটি জাতীয় পর্যায়ের পুরস্কার প্রদানের সিদ্ধান্ত ।

---

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার অধীনে আগামী ২৭ শে অক্টোবর অনুষ্ঠেয় চতুর্থ শ্রেণীর পদের পরীক্ষার জন্য আবেদনকারী প্রার্থীরা আগামীকাল থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন ।রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশনের ইতিমধ্যে জারি করা নির্দেশ অনুযায়ি অসম রাজ্যিক বিদ্যালয় শিক্ষা পর্ষদের ওয়েবসাইট www.site.sebaonline.org এবং আসাম সরকারের ওয়েবসাইট www.assam.gov.in থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ।উল্লেখ্য আগামী

২৭ শে অক্টোবর সকাল ৯ টা থেকে সাড়ে ১১ টা পর্যন্ত আই টি আই উত্তীর্ণ সহ হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষা পর্যায়ের পদগুলোএর জন্য পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং বেলা দেড়টা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত অষ্টম শ্রেণী পর্যায়ের জন্য লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ।নির্দেশে উল্লেখ করা হয়েছে যে লিখিত পরীক্ষার দিন প্রার্থীদের প্রবেশ পত্রের সঙ্গে আধারকার্ড , পেন কার্ড ,ড্রাইভিং লাইসেন্স , ভোটার কার্ড বা যেকোন একটি ফটোযুক্ত পরিচয়পত্র দেখাতে হবে ।প্রবেশপত্রে সন্নিবিষ্ট পরীক্ষার নীতি নিয়ম প্রার্থীদেরকে মেনে চলতে হবে ।আগামী ২৭ শে অক্টোবর চতুর্থ শ্রেণীর মোট ৫ হাজার পদের জন্য  ১৩ লক্ষ ৭৯ হাজার ১৩২ জন প্রার্থী পরীক্ষায় অবতীর্ণ হবেন।

---------------------------------------------------------------------------------

অসম গণ পরিষদ দলের আজ ৪০ তম প্রতিষ্ঠা দিবস । ডিব্রুগড় জেলার লাহোয়াল চাবুয়া বিধানসভার জেরাই গ্রামে আজ দিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে কেন্দ্রীয় ভাবে দলটির প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়েছে ।দলের সভাপতি অতুল বরা পতাকা উত্তোলন করে এই কার্যসূচীর সূচনা করেন । অনুষ্ঠানে দলের কার্যকরী সভাপতি কেশব মহন্ত , প্রবীণ নেতা তথা সাংসদ বীরেন্দ্র প্রসাদ বৈশ্য , ফনীভূষণ চৌধুরী প্রমুখ অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্ণর শক্তিকান্ত দাস বলেছেন যে ভারত বিশ্বমানের ডিজিটেল গন পরিকাঠামো গড়ে তোলার ফলে উচ্চমানের ডিজিটেল আর্থিক সামগ্রী বিকাশে সুবিধা হয়েছে । তিনি বলেন যে দেশে এখন বিশ্বের তৃতীয় স্টার্টআপ পরিবেশতন্ত্র রয়েছে যেখানে ১ লক্ষ ৪০ হাজারেরও  অধিক স্টার্টআপ ও ১০০ রো অধিক ইউনিকর্ণ রয়েছে ।

নতুন দিল্লীতে আজ আর বি আই এ টি নাইন্টি শীর্ষক এক সম্মেলনে ভাষণ দিয়ে শ্রী দাস বলেন যে ডিজিটেল গন পরিকাঠামোর ক্ষেত্রে ভারতের অভিজ্ঞতাগুলির দ্বারা অন্য দেশগুলি লাভবান হয়ে বৈশ্বিক ডিজিটেল বিপ্লবের সূচনা করতে পারে । ডিজিটেল মুদ্রা অর্থাৎ সিবিডিসির ব্যাবহার সম্পর্কে আর বি আই এর গভর্ণর বলেন যে কেন্দ্রীয় ব্যাঙ্কের ডিজিটেল মুদ্রার দ্বারা দক্ষ পেমেন্টের সুবিধা প্রদান করার সম্ভাবনা রয়েছে । পাইকারী ও খুচরা উভয় খন্ডে সিবিডিসির আরম্ভ করা বেশকয়েকটি দেশের মধ্যে ভারত অন্যতম বলে শ্রী দাস জানান ।

তিনি বৃদ্ধি পাওয়া ঋণকে নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন যে মহামারীর পর বিশ্বের গণ ঋণ ২০২৩ সালে মোট ঘরোয়া উৎপাদনের৯০ দশমিক ২ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে এবং ২০২৯ সালের মধ্যে এটি ১০০ শতাংশে বৃদ্ধি পাবার সম্ভাবনা রয়েছে ।

---

প্ৰধানমন্ত্ৰী ইন্টাৰ্ণশিপ প্ৰকল্পেৰ জন্য pminternship.mca.gov.in পোর্টেলে পঞ্জিয়ন প্ৰক্ৰিয়া শুৰু হয়েছে ।আগামী ২৫ শে অক্টোবর পর্যন্ত এই প্ৰক্ৰিয়া চলবে ।এই পোর্টেলের মাধ্যমে ১৯৩ টি কোম্পানী ৯১ হাজার ইন্টার্ণশিপের সুযোগ প্রদান করবে ।সরকার ২০২৪-২৫ অর্থবছরে ১ লক্ষ ২৫ হাজার ইন্টার্ণশিপের সুযোগ প্রদান করার লক্ষ্য নির্ধারণ করেছে ।এই পরীক্ষামূলক প্রকল্পের জন্য মোট ৮০০ কোটি টাকা ব্যয় করা হবে ।সরকার এই প্রকল্পের  অধীনে ৫ বছরের জন্য ২১ থেকে ২৪ বছর বয়সের ১ কোটি প্রার্থীকে একবছরের ইন্টার্ণশিপ প্রদান করবে ।প্রার্থীদেরকে একবছরের জন্য প্রতিমাসে ৫ হাজার টাকা করে অর্থসাহায্য ও এককালীন ৬ হাজার টাকার অনুদান প্রদান করা হবে ।সূত্রে জানা গেছে যে দেশের ৩৬ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৭৩৭ টি জেলায় তেল , গ্যাস ও শক্তি , ভ্রমন ও আতিথেয়তা ,যান বাহন এবং বেংকিং তথা অর্থনৈতিক সেবা সহ ২৪ টি খন্ডে ইন্টার্ণশিপের সুযোগ লাভ করা যাবে ।এই প্রকল্পে কোম্পানীগুলোর অংশগ্রহণ  স্বেচ্ছামূলক ।এছাড়া এই প্রকল্পের প্রতি আগ্রহী অন্যান্য কোম্পানী , বেংক , অথবা আর্থিক প্রতিষ্ঠান ।কোম্পানী পরিক্রমা মন্ত্রনালয়ের অনুমোদন সাপেক্ষে এই প্রকল্পে অংশগ্রহণ করতে পারবে ।

---

শারদীয় দূর্গা পূজোর সময় রাজ্যে মোট ৮৪৩ টি পথ দূর্ঘটনা সংঘঠিত হয়েছে বলে জরুরীকালীন সেবা প্রদানকারী মৃত্যুঞ্জয় ১০৮ সেবার পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে ।প্রতিষ্ঠানটির পক্ষ থেকে আজ প্রকাশিত তথ্য অনুযায়ি গত ১১ অক্টোবর ১৫১ টি এবং ১২ অক্টোবর ১৮৭ টি পথ দূর্ঘটনা সংঘঠিত হয়েছে ।শোণিতপুর জেলায় সর্বাধিক ৬৬ টি দূর্ঘটনা সংঘঠিত হয়েছে । কামরূপ মহানগর জেলায় এই সময়ে ৬০ টি দূর্ঘটনা সংঘঠিত হয়েছে ।

---

কেন্দ্রীয় মন্ত্রী তথা আসাম অলিম্পিক সংস্থার সভাপতি সর্বানন্দ সনোয়ালের পৌরহিত্যে আজ গৌহাটীর আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে আসাম অলিম্পিক সংস্থার নবগঠিত কার্যনির্বাহক পরিষদের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে । এই বৈঠকে আগামীতে রাজ্যে জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ের খেলাগুলিতে প্রতিনিধিত্ব করতে অধিক সংখ্যক ক্রীড়া প্রতিভা প্রকাশ্যে আনার জন্য একটি কার্যকরী গোষ্ঠী গঠনের সিদ্ধান্ত নেওয়া হয় । ক্রীড়া বিশেষজ্ঞ ও প্রবীণ খেলোয়াড়দের নিয়ে এই গোষ্ঠী গঠন করা হবে বলে শ্রী সনোয়াল জানান । এছাড়া আগামী দিনে ক্রীড়া প্রতিযোগীতা আয়োজন সম্পর্কে আলোচনা করা হয় । বৈঠকে অলিম্পিক পদক বিজয়ী লাভলীনা বরগোঁহাইয়ের নামে

একটি জাতীয় পর্যায়ের পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয় । এছাড়া সারাদিনব্যাপী কার্যসূচীতে ক্রিড়া অভিবর্তন এবং ২৩ শে জুন ডিফুতে আসাম অলিম্পিক দিবস আয়োজনের জন্য বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।
বৈঠকে উত্তরাখন্ডে অনুষ্ঠেয় পরবর্তী জাতীয় ক্রীড়ার জন্য আসামের দলটির প্রস্তুতি ও আনুষঙ্গিক বিষয় নিয়েও পর্যালোচনা করা হয় ।

------------------------------------------------------------------------------------------------

চলচ্চিত্র নির্মাতা রীমা দাসের ভিলেজ রকষ্টার -২ ছবিটি দক্ষিণ কোরিয়ার বুশ্বান শহরে অনুষ্ঠিত ২৯ তম আন্তর্জাতিক চলচ্চিত্র মহোৎসবে শ্রেষ্ঠ ছবি বিভাগে বিশেষ পুরস্কার লাভ করেছে ।ভারতীয় ফিচার ফিল্ম হিসেবে মহোৎসবে ছবিটি ‘ কিম জিসিয়ক ’ পুরস্কার লাভ করেছে ।উল্লেখ্য প্রতিযোগিতার এই বিভাগে নির্বাচিত ৮ টি ছবির মধ্যে একমাত্র ভারতীয় ফিচার ফিল্ম হিসেবে ভিলেজ রকষ্টার - ২ছবিটি নির্বাচিত হয়েছিল ।

------------------------------------------------------------------------------------------------

ন্যাশনেল হাইওয়ে এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভোলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জনসাধারনের নিরাপত্তার কথা ভেবে ৬ নম্বর জাতীয় সড়কের বরাক নদীর উপরে গেমন সেতুতে চলাচলের ক্ষেত্রে কিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত গেমন সেতু দিয়ে কোন ধরনের ভারী যান-বাহন চলাচল করতে পারবে না । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে গেমন সেতু দিয়ে শুধু মাত্র হালকা ব্যানিজ্যিক যান , ব্যাক্তিগত যান , অটো-রিক্সা চলাচল করতে পারবে ।

------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় গতকাল প্রতিমা নিরঞ্জন পর্ব সুশৃংখল ও শান্তিপূর্নভাবে সম্পন্ন হয়েছে । হাইলাকান্দি জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের পক্ষ থেকে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করায় কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ছাড়াই প্রতিমা নিরঞ্জন পর্ব সম্পন্ন হয়েছে । হাইলাকান্দি শহরের গান্ধীঘাটে গতকাল রাতে ৫৪টি প্রতিমার নিরঞ্জন পর্ব ধলেশ্বরী নদীতে করা হয়েছে । শহরের গান্ধী ঘাটে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম , জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য্য , প্রাক্তন মন্ত্রী গৌতম রায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরের ৮ নম্বর ওয়ার্ডে এবারের পূজার অষ্টমীর দিন একটি পাঁচ বছরের শিশু মৃত্যুর ঘটনায় বিশাদের ছায়া নেমে এসেছে । মৃত্যু হ ওয়া শিশুর নাম আদ্রিক

চৌধুরী । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে শিশুটি বাড়ীর পাশের একটি সেপটিক ট্যাঙ্কে পড়ে গিয়েছিল।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে গতকাল বদরপুরঘাট-আদরকোনা রোডের চাউলি বিল এলাকা থেকে বেশকিছু পরিমান  হেরোইন বাজেয়াপ্ত করেছে । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ ঈরালীগুল এলাকার চার জন ব্যাক্তিকে আটক করেছে । উদ্ধার করা হেরোইনের বাজার মূল্য চার কোটী টাকা হবে বলে পুলিশ জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------